

3 (Sem-2) BEN M 1

2 0 1 7

BENGALI

( Major )

Paper : 2.1

( Smritikatha )

Full Marks : 80

Time : 3 hours

*The figures in the margin indicate full marks  
for the questions*

- ১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও/শূন্যস্থান পূর্ণ করো :  $১ \times ১০ = ১০$
- (ক) মানিকতলা বাগানের বিপ্লবী কর্মকাণ্ডের প্রধান কর্মকর্তা কে ছিলেন ?
- (খ) “একসঙ্গে উভয়ে সাধুগিরি করিয়া ফিরিয়াছি, মাস্টারিও করিয়াছি।” এখানে কার কথা বলা হয়েছে ?
- (গ) ‘উদাসী’ সম্প্রদায়ের প্রতিষ্ঠাতা কে ?
- (ঘ) আলিপুর বোমা মামলার কোন অভিব্যক্ত আন্দামানের কারাগারে উদ্গাদ হয়ে গিয়েছিলেন ?
- (ঙ) অবিনাশ এই পাগলদের সংসারে \_\_\_\_\_ ।  
( শূন্যস্থান পূর্ণ করো )
- (চ) শিবনাথ শাস্ত্রীর প্রপিতামহের নাম কী ?

- (ছ) প্যারীচরণ সরকার কোন্ পত্রিকা সম্পাদনা করতেন ?
- (জ) কত ব্রীষ্টাঙ্কে শিবনাথ শাস্ত্রীর জন্ম হয়েছিল ?
- (ঝ) “মনে করো শেষের সে দিন ভয়ঙ্কর  
অন্যে বাক্য কবে কিস্তি তুমি হবে নিরুত্তর ।”  
ব্রহ্মসংগীতটি কার রচনা ?
- (ঞ) ‘শেয়ালখাকী’ কে ?

২। সংক্ষিপ্ত উত্তর দাও :

২×৫=১০

- (ক) উপেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় কোন্ মঠে, কার কাছে  
সন্ন্যাস-দীক্ষা গ্রহণ করেছিলেন ?
- (খ) “দেখুন আমার হয়েছে তালগাছের আড়াই হাত ।” বক্তা  
কে ? ‘তালগাছের আড়াই হাত’-এর তাৎপর্য কী ?
- (গ) নর্মদা নদীর উৎপত্তিস্থল কোথায় ? নর্মদা পরিক্রমা কী ?
- (ঘ) শিবনাথ শাস্ত্রীর বাসস্থান কোন্ গ্রামে ছিল ? তাঁর পিতার  
নাম কী ?
- (ঙ) ‘বেণীসংহার’ নাটকটি কোথায় অভিনীত হয়েছিল ?  
নাটকটিতে শিবনাথ শাস্ত্রী কোন্ ভূমিকায় অভিনয়  
করেছিলেন ?

৩। নির্দেশ অনুযায়ী যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :

৫×৪=২০

- (ক) আলিপুর আদালতের ম্যাজিস্ট্রেট বার্লি-র সঙ্গে  
উপেন্দ্রনাথের কথোপকথন-প্রসঙ্গটি আলোচনা করো ।
- (খ) ‘বুসি’ কী ? উপেন্দ্রনাথের বুসি দর্শনের অভিজ্ঞতা ব্যক্ত  
করো ।

(গ) সপ্রসঙ্গ ব্যাখ্যা করো :

“সবটাই ব্যবসাদারী কাণ্ড । কয়েদী সরকার বাহাদুরের গোলাম; আপনাদের দেহের রক্ত জ্বল করিয়া সরকারী কোষাগার পূর্ণ করতেই তাহাদের অস্তিত্বের সার্থকতা ।”

(ঘ) কোন্ ঘটনার পরিপ্রেক্ষিতে শিবনাথ শাস্ত্রী ‘নির্বাসিতের বিলাপ’ রচনা করেছিলেন ?

(ঙ) “আমি তখন পশু-পাখী পুষিতে বড় ভালবাসিতাম । পুষ্টি নাই এমন জন্তুই নাই ।” শিবনাথ শাস্ত্রীর পশু-পক্ষী পোষার প্রসঙ্গটি আলোচনা করো ।

(চ) “তোমার কবিতা বেশ হয়েছে, কিন্তু মানুষকে গালাগালি দিয়ে কবিতা লেখা ভাল নয় ।” কোন্ কবিতার প্রসঙ্গে এ কথা বলা হয়েছিল ? প্রসঙ্গটি আলোচনা করো ।

৪। ক—গুচ্ছ এবং খ—গুচ্ছ থেকে দুটি করে নিয়ে মোট চারটি প্রশ্নের উত্তর দাও :

১০×৪=৪০

ক—গুচ্ছ

(ক) আন্দামান কারাগারের বন্দীজীবনের বর্ণনা দাও ।

(খ) মানিকতলা বাগানের বিপ্লবী কর্মকাণ্ডের একটি রূপরেখা প্রস্তুত করো ।

(গ) ‘নির্বাসিতের আত্মকথা’ গ্রন্থের হাস্যরস সম্বন্ধে আলোচনা করো ।

(ঘ) ‘আত্মজীবনী’ ও ‘স্মৃতিকথা’র পার্থক্য নির্দেশ করে ‘নির্বাসিতের আত্মকথা’ কোন্ শ্রেণীর রচনা তা নির্ধারণ করো ।

খ—গুচ্ছ

- (ক) এল. এ. পরীক্ষার পূর্বে শিবনাথ শাস্ত্রীর অধ্যবসায় সম্বন্ধে আলোচনা করো। কঠিন পরিশ্রমের ফলাফল কি হয়েছিল ?
- (খ) “গ্রামের জমিদারগণ যখন ব্রাহ্মদিগের প্রতি জাতক্রোধ হলেন তখন বালিকা বিদ্যালয়টি উঠাইয়া দিবার জন্য চেষ্টা করিতে লাগিলেন।” গ্রামের বালিকা বিদ্যালয়টিকে নিয়ে জমিদার ও ব্রাহ্মদের ঘর্ষের ইতিবৃত্তটি বর্ণনা করো।
- (গ) “আপনি নবীন ঠাকুরকে শ্রমাপ করুন নতুবা আমার মন খারাপ হচ্ছে।” নবীন ঠাকুরের প্রসঙ্গটি আলোচনা করে শিবনাথ শাস্ত্রীর আত্মমর্যাদাবোধ এবং সহায়তার পরিচয় দাও।
- (ঘ) ‘আত্মচরিত’ গ্রন্থে বিদ্যাসাগরের উজ্জ্বল উপস্থিতি লক্ষ করা যায়। গ্রন্থটিতে উল্লিখিত বিদ্যাসাগর-প্রসঙ্গের এক বিশ্লেষণ প্রস্তুত করো।

\*\*\*